

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা

www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৬.১৯.১৪০৩

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬

১৩ নভেম্বর ২০১৯

বিষয়: আগামী ১২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯”
উদ্বাপন উপলক্ষে মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, দিবসের তারিখ ও প্রতিপাদ্য বিষয়ে
স্ক্রলিং, থিম সং, TVC, সংবাদ ইত্যাদি প্রচারণা, এবং টকশো আয়োজন প্রসঙ্গে।

সূত্র: আইসিটি বিভাগের গত ০৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে
এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশব্যাপী
বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্বাপিত হবে। এবারের ডিজিটাল
বাংলাদেশ দিবসের প্রতিপাদ্য “সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”। উল্লেখ্য ২০০৮
সালের ১২ ডিসেম্বর তারিখে বর্তমান সরকারের রূপকল্প তথা “ডিজিটাল বাংলাদেশ” ঘোষণার
মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এ দিবসটির গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন
করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে পালনের অনুমোদন দেয়।

০২। আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন
কেন্দ্র (বিআইসিসি)-তে এ দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের
মাননীয় প্রধানমন্ত্রী মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।
এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, বিদেশী কূটনৈতিকবর্গ,
সরকারী/বেসরকারী পর্যায়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, দেশ-বিদেশী আইসিটি বিশেষজ্ঞ ও অন্যান্য বিশিষ্ট
ব্যক্তিবর্গ মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। মূল অনুষ্ঠানের পর ঐদিন সন্ধ্যা ০৬:০০ টায় ঢাকাস্থ
সোহরাওয়ার্দী উদ্যানে দিবসটিকে স্মরণীয় রাখার জন্য একটি মনোজ্ঞ কনসার্ট (কনসার্ট ফর ডিজিটাল
বাংলাদেশ) অনুষ্ঠিত হবে। মূল অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিসহ শিক্ষার্থী ও সাধারণ জনগণ কনসার্টটি উপভোগ
করবেন। দিবস উদ্বাপনের অংশ হিসেবে দেশের প্রতিটি মানুষের নিকট দিবসটির গুরুত্ব ও প্রতিপাদ্য
সম্পর্কে অবহিত করা একান্ত প্রয়োজন। উক্ত দিবস উপলক্ষে বাংলাদেশ টেলিভিশনে নিম্নোক্ত সম্প্রচার ও
টকশো আয়োজনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

- আগামী ১২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন
কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিতব্য মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার;
- দিবসের তারিখ ও প্রতিপাদ্য বিষয়ে স্ক্রলিং, দিবসের থিম সং, TVC ইত্যাদি প্রচার;
- জাতীয় সংবাদে দিবসের তাৎপর্য গুরুত্বের সঙ্গে তুলে ধরা; এবং
- ১১/১২/২০১৯ এবং ১২/১২/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে ০১ ঘণ্টাব্যাপী ‘ডিজিটাল বাংলাদেশের অর্জন’/
প্রতিপাদ্য বিষয় বা আনুসঙ্গিক বিষয়ক টকশো আয়োজন।

০৩। এমতাবস্থায়, “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” সফলভাবে উদ্বোধনের নিমিত্ত বাংলাদেশ টেলিভিশনে মূল অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার, দিবসের তারিখ ও প্রতিপাদ্য বিষয়ে স্ক্রলিং, থিম সং, TVC, সংবাদ ইত্যাদি প্রচারণা এবং টকশো আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

www.doict.gov.bd



১৩-১১-২০১৯

এ. বি. এম. আরশাদ হোসেন

মহাপরিচালক

মহাপরিচালক

বাংলাদেশ টেলিভিশন


স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৬.১৯.১৪০৩/১(৫)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬

১৩ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, র্যা ফোর্সেস সদর দপ্তর, কার্গো অ্যাডমিন বিল্ডিং, শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ



১৩-১১-২০১৯

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক

- আগামী ১২ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিতব্য মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার;
- দিবসের তারিখ ও প্রতিপাদ্য বিষয়ে স্ক্রলিং, থিমসং, থিম সং, TVC ইত্যাদি প্রচার;
- জাতীয় সংবাদে দিবসের আত্মপর্ব পৃষ্ঠপুর্ন সংশ্লিষ্ট তুলে ধরা; এবং
- ১১/১২/২০১৯ এবং ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখে ০১ ঘটাব্যাপী “ডিজিটাল বাংলাদেশের কৃতিত্ব” প্রতিপাদ্য বিষয় বা আনুসঙ্গিক বিষয়ক টকশো আয়োজন।